- কি 5    ● 10    গি 20    ঘি 12

১৯.  $\Delta ABC$  এর তিনটি শীর্ষ  $A(1, 3)$ ,  $B(5, 1)$  এবং  $C(3, P)$ ।  $\Delta ABC$  এর বেত্রফল 4 বর্গ একক হলে  $Q$  এর মান কত? (কঠিন)

- 0, 4    খি 5, 4    গি 5, 8    ঘি 8, 7

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০. i.  $A(x_1, y_1)$  ও  $B(x_2, y_2)$  হলে,  $AB = \sqrt{(x_2 - x_1)^2 + (y_2 - y_1)^2}$

ii.  $A(5, 2)$  ও  $B(2, 2)$  হলে,  $AB = 3$  একক

iii. ত্রিভুজের দুইটি বাহু সমান হলে সেটা সমদ্বিবাহু ত্রিভুজ

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- কি i ও ii    খি i ও iii    গি ii ও iii    ● i, ii ও iii

২১. i.  $a, b, c$  ত্রিভুজের তিনটি বাহু হলে, পরিসীমা,  $2s = a + b + c$

ii. ত্রিভুজের তিনটি বাহু সমান হলে, সেটা সমবাহু

iii.  $P(-6, -2)$  ও  $Q(1, -2)$  বিন্দুদ্বয়ের দূরত্ব 5 একক

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- i ও ii    খি i ও iii    গি ii ও iii    ঘি i, ii ও iii

২২. i. অর্ধপরিসীমা  $s$  হলে,  $\Delta ABC$  এর ক্ষেত্রফল  $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

ii.  $a^2 = b^2 + c^2$  হলে, ত্রিভুজটি সমকোণী

iii.  $A(2, -4)$ ,  $B(3, 3)$  হলে,  $AB = 5\sqrt{2}$  একক  
নিচের কোনটি সঠিক? (কঠিন)

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

২৩.  $A(-1, 1)$ ,  $B(2, 5)$  এবং  $C(2, 1)$  একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু হলো—

- i. AB বাহুর দৈর্ঘ্য 5 একক  
ii. BC বাহুর দৈর্ঘ্য 4 একক  
iii. AC বাহুর দৈর্ঘ্য 3.5 একক

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 10,  $5\sqrt{2}$  ও  $5\sqrt{2}$  একক হলে—

- i. ত্রিভুজটি সমদ্বিবাহু  
ii. ত্রিভুজটির অতিভুজ নেই  
iii. ত্রিভুজটি সমকোণী

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii খ) ii ও iii ● i ও iii ঘ) i, ii ও iii

২৫. একটি ত্রিভুজের তিনটি শীর্ষ যথাক্রমে  $A(1, 0)$ ,  $B(0, 1)$  এবং  $C(-1, 0)$  হলে—

- i. A বিন্দুটি X-অক্ষের ওপর অবস্থিত  
ii. C বিন্দুটি Y-অক্ষের ওপর অবস্থিত  
iii. AC এর দৈর্ঘ্য 2 একক

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) i খ) i ও ii ● i ও iii ঘ) ii ও iii

২৬. একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 3, 4 ও 5 হলে—

- i. পরিসীমা 12  
ii. ত্রিভুজটির ক্ষেত্রফল 6 বর্গ একক  
iii. ত্রিভুজটি সমকোণী

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের ভিত্তিতে ২৭ – ২৯ নং প্রশ্নের উত্তর দাও :

$A(2, 5)$ ,  $B(-1, 1)$  এবং  $C(2, 1)$  একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু।

২৭. AB বাহুর দৈর্ঘ্য কত একক? (সহজ)

ক)  $5\sqrt{2}$  ● 5 গ)  $2\sqrt{3}$  ঘ)  $\frac{5}{2}$

২৮. ত্রিভুজটির অর্ধপরিসীমা কত একক? (মধ্যম)

● 6 খ) 4 গ) 5 ঘ) 12

২৯. ত্রিভুজটির বেষত্রফল কত বর্গ একক? (মধ্যম)

ক) 12 খ)  $8\sqrt{2}$  গ)  $6\sqrt{2}$  ● 6

### চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফল

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩০. চতুর্ভুজের চারটি বাহু সমান কিন্তু কর্ণদ্বয় অসমান হলে তা নিচের কোনটি? (সহজ)

● রম্বস খ) সামান্তরিক গ) বর্গ ঘ) আয়ত

৩১.  $(0, -1)$ ,  $(2, 2)$ ,  $(-1, 2)$  এবং  $(-3, -1)$  বিন্দু চারটি দ্বারা গঠিত চতুর্ভুজের বেষত্রফল কত বর্গ একক? (কঠিন)

ক) 6 ● 9 গ) 12 ঘ) 18

৩২. যদি চতুর্ভুজের কর্ণদ্বয় সমান হয় তবে চতুর্ভুজটি কী? (সহজ)

- ক) রম্বস    ● বর্গ    গ) সামান্তরিক    ঘ) ট্রাপিজিয়াম

৩৩. বর্গক্ষেত্রের বৈশিষ্ট্য = কত? (সহজ)

- (বাহু)<sup>২</sup>    খ) বাহু + বাহু    গ)  $4 \times$  বাহু    ঘ) বাহু  $\sqrt{2}$

৩৪.  $O(0, 0)$ ,  $A(a, 0)$ ,  $B(a, a)$ ,  $C(0, a)$  হলে,  $OABC$  চতুর্ভুজটির নাম কী? (কঠিন)

- ক) রম্বস    ● বর্গ    গ) আয়ত    ঘ) ট্রাপিজিয়াম

৩৫.  $A(-a, 0)$ ,  $B(0, -a)$ ,  $C(a, 0)$ ,  $D(0, a)$  শীর্ষবিশিষ্ট  $ABCD$  চতুর্ভুজের বৈশিষ্ট্য কত বর্গ একক? (কঠিন)

- $2a^2$     খ)  $2a$     গ)  $a^2$     ঘ)  $a^2\sqrt{2}$

৩৬.  $ABCD$  একটি বর্গক্ষেত্র।  $\Delta ABC = 2$  বর্গ একক হলে,  $ABCD$  এর বৈশিষ্ট্য কত বর্গ একক? (সহজ)

- ক) 1    খ) 2    গ) 3    ● 4

□ □ বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৭. i. আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = (বাহু)<sup>২</sup>

ii.  $A(7, 4)$  ও  $B(-5, -1)$  এর মধ্যবর্তী দূরত্ব 13 একক

iii. তিনটি বিন্দু সমরেখ হলে, বিন্দু তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল শূন্য  
নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii    ● ii ও iii    গ) i ও iii    ঘ) i, ii ও iii

৩৮. i. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (বাহু)<sup>২</sup>

ii.  $(5, 5)$ ,  $(2, 2)$  ও  $(8, 2)$  বিন্দু দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল 9 বর্গ একক

iii. আয়তক্ষেত্রের কর্ণ বরাবর দুইভাগ করলে দুইটি সমকোণী ত্রিভুজ তৈরি হয়।  
নিচের কোনটি সঠিক? (কঠিন)

- ক) i ও ii    খ) i ও iii    গ) ii ও iii    ● i, ii ও iii

□ □ অঙ্কিত তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের ভিত্তিতে ৩৯ – ৪১ নং প্রশ্নের উত্তর দাও :

একটি বর্গের চারটি শীর্ষ যথাক্রমে  $A(1, 0)$ ,  $B(0, 1)$ ,  $C(-1, 0)$  এবং  $D(0, -1)$

৩৯. বর্গটির এক বাহুর দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

- ক)  $2\sqrt{2}$     খ)  $\sqrt{3}$     ●  $\sqrt{2}$     ঘ) 1

৪০. বর্গটির উভয় কর্ণের যোগফল কত একক? (মধ্যম)

- ক) 8    খ) 6    ● 4    ঘ) 2

৪১. বর্গটির বৈশিষ্ট্য কত বর্গ একক? (মধ্যম)

- 2    খ) 4    গ) 6    ঘ) 8

নিচের তথ্যের আলোকে ৪২ – ৪৪ নং প্রশ্নের উত্তর দাও :

$P(-x, 0)$ ,  $Q(0, -x)$ ,  $R(x, 0)$  এবং  $S(0, x)$  বিন্দু চারটি PQRS চতুর্ভুজের চারটি শীর্ষ।

৪২. PR বাহুর দৈর্ঘ্য নিচের কোনটি? (সহজ)

- ক) 2 একক    খ) x একক    ●  $2x$  একক    ঘ)  $4x$  একক

৪৩. PQ বাহুর দৈর্ঘ্য কত? (মধ্যম)

- ক) x    খ)  $2x$     ●  $x\sqrt{2}$     ঘ)  $\sqrt{2}$

৪৪.  $x = \sqrt{2}$  হলে, ABCD চতুর্ভুজের পরিসীমা নিচের কোনটি? (মধ্যম)

- ক) 4 একক    ● 8 একক    গ) 9 একক    ঘ) 10 একক

৪৫.  $A(2, 3)$ ,  $B(5, 6)$  ও  $C(-1, 4)$  বিন্দু দ্বারা গঠিত ত্রিভুজের বৈশিষ্ট্য কত বর্গ একক?

- 6    খ) 15    গ) 18    ঘ) 20

৪৬. একটি ত্রিভুজের তিনটি শীর্ষ  $A(1, 3)$ ,  $B(5, 1)$  এবং  $C(3, P)$ ।  $\Delta ABC$  এর বৈশিষ্ট্য 4 বর্গ একক হলে a এর মান নির্ণয় কর।

- ক) 0, 4    ● 4, 4  
গ) 5, 8    ঘ) 8, 7

৪৭.  $P(3, 0)$ ,  $Q(0, 1)$   $R(-1, r)$  শীর্ষবিশিষ্ট ত্রিভুজের বেত্রফল 5 বর্গ একক হলে,  $r$  এর মান কত?

- -2    (খ) -1    (গ) 0    (ঘ) 1

৪৮.  $(-2, 3)$ ,  $(-3, -4)$ ,  $(5, -1)$  ও  $(2, 2)$  বিন্দু চারটি নিয়ে গঠিত চতুর্ভুজ বেত্রের বেত্রফল কত?

- (ক) 30 বর্গ একক    ● 31 বর্গ একক  
(গ) 32 বর্গ একক    (ঘ) 35 বর্গ একক

৪৯.  $P(-5, 2)$ ,  $Q(9, 0)$  ও  $R(-3, 0)$  বিন্দুত্রয় দ্বারা গঠিত  $\Delta PQR$  এর বেত্রফল কত?

- (ক) 5 বর্গ একক    (খ) 8 বর্গ একক  
● 12 বর্গ একক    (ঘ) 16 বর্গ একক

৫০.  $(-2, 1)$ ,  $(0, -5)$  এবং  $(10, 5)$  ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু হলে ত্রিভুজটি হবে-

- (ক) সমবাহু    (খ) সমদ্বিবাহু    ● বিষমবাহু    (ঘ) সমকোণী

৫১.  $(-a, 0)$ ,  $(0, -a)$ ,  $(a, 0)$ ,  $(0, a)$  শীর্ষবিশিষ্ট চতুর্ভুজটির বেত্রফল কত বর্গ একক?

- (ক)  $4a^2$     (খ)  $3a^2$     (গ)  $2a^2$     ●  $a^2$

৫২.  $A(1, 4)$ ,  $B(-4, 3)$ ,  $C(1, -2)$ ,  $D(4, 0)$  শীর্ষবিশিষ্ট চতুর্ভুজবেত্র ABCD এর বেত্রফল কত?

- (ক) 20 বর্গ একক    (খ) 22 বর্গ একক  
● 24 বর্গ একক    (ঘ) 26 বর্গ একক

৫৩.  $A(x_1, y_1)$ ,  $B(x_2, y_2)$ ,  $C(x_3, y_3)$ ,  $D(x_4, y_4)$  চারটি বিন্দু-

i. AB বাহুর দৈর্ঘ্য =  $\sqrt{(x_2-x_1)^2 + (y_2-y_1)^2}$

ii.  $\Delta ABC$  এর ক্ষেত্রফল =  $\frac{1}{2} \begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$

iii. ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল =  $\frac{1}{2} \begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii    (খ) i ও iii    ● ii ও iii    (ঘ) i, ii ও iii

৫৪. তিনটি বিন্দু  $A(-5, 0)$ ,  $B(1, 0)$  এবং  $C(7, 0)$  হলে-

i.  $AB = 6$  একক

ii.  $BC = 6$  একক,  $AC = 12$  একক

iii.  $\Delta ABC$  সমদ্বিবাহু সমকোণী

নিচের কোনটি সঠিক?

- i ও ii    (খ) i ও iii    (গ) ii ও iii    (ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে ৫৫ ও ৫৬ নং প্রশ্নের উত্তর দাও :

ABCD চতুর্ভুজের শীর্ষ বিন্দুগুলো যথাক্রমে  $A(1, 3)$ ,  $B(5, 0)$ ,  $C(2, -4)$ ,  $D(-2, -1)$

৫৫. AB বাহুর দৈর্ঘ্য কত?

- (ক) 2    (খ) 3    (গ) 4    ● 5

৫৬. AC কর্ণের দৈর্ঘ্য কত?

- $5\sqrt{2}$     (খ)  $4\sqrt{2}$     (গ)  $4\sqrt{3}$     (ঘ)  $2\sqrt{5}$

গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১.  $y - x + 5$  এবং  $y = 3x - 3$  এর ছেদবিন্দু-

- (4, 9)    (খ) (3, 2)    (গ) (3, 0)    (ঘ) (9, 4)

২.  $3x + y - 5 = 0$  সমীকরণের ঢাল কত?

- -3    (খ) 3    (গ) -5    (ঘ)  $\frac{5}{3}$

৩.  $2x - 3y - 5 = 0$  সরলরেখার ঢাল—

- $\frac{2}{3}$     ঞ  $\frac{3}{2}$     গ  $-\frac{2}{5}$     ঘ  $\frac{3}{5}$

৪.  $A(2, 1)$  এবং  $B(-1, 4)$  বিন্দুদ্বয় দ্বারা অতিক্রান্ত সরল রেখার ঢাল কত?

- ক  $-3$     ঞ  $-2$     ●  $-1$     ঘ  $1$

৫.  $(-1, 0)$  ও  $(0, 1)$  বিন্দুদ্বয় দিয়ে অতিক্রান্ত রেখার সমীকরণ নিচের কোনটি?

- ক  $y = x - 1$     ঞ  $x + y = 1$  ●  $x = y - 1$     ঘ  $x + y + 1 = 0$

৬. নিচের তথ্যগুলো লব কর :

i.  $y - 5x + 3 = 0$  রেখার ঢাল 5

ii.  $5x + 7y = 0$  রেখাটি মূলবিন্দুগামী

iii. দুই বিন্দুর দূরত্ব নির্ণয়ে পিথাগোরাসের উপপাদ্যের সাহায্য নেওয়া হয়

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii    ঞ ii ও iii    গ i ও iii    ● i, ii ও iii

নিচের তথ্যের আলোকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :

$3x + 4y - 12 = 0$  সরলরেখাটি  $x$  ও  $y$  অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করেছে।

৭. সরলরেখাটির ঢাল নিচের কোনটি?

- ক  $-\frac{4}{3}$     ●  $-\frac{3}{4}$     গ  $\frac{4}{3}$     ঘ  $3$

৮.  $\triangle AOB$  এর বেত্রফল কত বর্গ একক?

- ক 3 বর্গ একক    ঞ 4 বর্গ একক  
● 6 বর্গ একক    ঘ 12 বর্গ একক

### ১১.৫ : সরলরেখার সমীকরণ

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯. যে সরলরেখা  $(1, 4)$  বিন্দুগামী এবং অক্ষদ্বয়ের সাথে 8 বর্গ একক বেত্রফল বিশিষ্ট ত্রিভুজ গঠন করে তার সমীকরণ – (কঠিন)

- $4x + y = 8$     ঞ  $4x - y = 8$   
গ  $2x + y = 4$     ঘ  $6x - y = 8$

১০.  $\frac{x}{a} + \frac{y}{b} = 1$  সরলরেখাটি কোনটি দ্বারা সিদ্ধ হবে? (মধ্যম)

- $(a, 0)$     ঞ  $(0, 0)$     গ  $(2, 1)$     ঘ  $(0, 2)$

১১.  $9x - 2y + 15 = 0$  রেখাটি  $x$ -অক্ষকে ছেদ করে কোন বিন্দুতে? (মধ্যম)

- ক  $(-\frac{3}{5}, 0)$     ঞ  $(-\frac{5}{3}, 1)$  ●  $(-\frac{5}{3}, 0)$     ঘ  $(2, \frac{1}{3})$

১২.  $(2, 3)$  ও  $(5, 9)$  বিন্দুর সংযোজক সরলরেখার ঢাল কত? (মধ্যম)

- ক 3    ঞ  $\frac{3}{4}$     গ  $\frac{5}{3}$     ● 2

১৩. নিচের কোনটি  $x$ -অক্ষের সমীকরণ? (সহজ)

- ক  $y = b$     ঞ  $x = 0$     ●  $y = 0$     ঘ  $x = a$

১৪. নিচের কোনটি  $y$  অক্ষের সমীকরণ? (সহজ)

- $x = 0$     ঞ  $y = 0$     গ  $x = a$     ঘ  $y = b$

১৫.  $x$ -অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ – (সহজ)

- ক  $x = 0$     ঞ  $x = a$     গ  $y = 0$     ●  $y = b$

১৬.  $y$  অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ – (সহজ)

- ক  $x = 0$     ঞ  $y = 0$     ●  $x = a$     ঘ  $y = b$

১৭. কোনো বিন্দুর কোটি 3 এবং বিন্দুটির দূরত্ব  $(5, 3)$  বিন্দু হতে 4 একক হলে বিন্দুর ভূজ – (মধ্যম)

- ক 2 অথবা 5    ঞ 1 অথবা 6    ● 9 অথবা 1    ঘ 5 অথবা 6

১৮.  $x$  অক্ষ ও  $(-5, -7)$  ও  $(4, k)$  বিন্দুটির দূরত্ব সমান হলে  $k$  এর মান – (কঠিন)

- ক  $\frac{65}{7}$  খ  $\frac{75}{7}$  ●  $-\frac{65}{7}$  ঘ  $-\frac{67}{5}$

১৯.  $x$  এবং  $y$  এর এক ঘাত সমীকরণ নিচের কোনটি নির্দেশ করে? (সহজ)

- সরলরেখা খ বৃত্ত গ বক্ররেখা ঘ ত্রিভুজ

২০.  $y = mx + c$  সরলরেখায়  $c$  নিচের কোনটি নির্দেশ করে? (সহজ)

- ক ঢাল খ  $y$  অক্ষের লম্ব  
গ  $y$  অক্ষের সমান্তরাল ●  $y$  অক্ষের ছেদকাংশ

২১.  $y = \frac{-10}{3}x + 9$  রেখার ঢাল কত? (সহজ)

- $-\frac{10}{3}$  খ 3 গ 9 ঘ  $-\frac{9}{10}$

২২.  $2y = 5x + 6$  রেখার ঢাল কত? (মধ্যম)

- ক  $\frac{5}{3}$  খ  $\frac{3}{5}$  ●  $\frac{5}{2}$  ঘ 6

২৩.  $y = 3x + 5$  রেখার  $y$  অক্ষের ছেদকাংশ কোনটি? (সহজ)

- ক  $3x$  খ  $\pm 3$  গ 3 ● 5

২৪.  $y$  অক্ষের সাথে  $3x + 4y = 12$  রেখার ছেদ বিন্দু কোনটি? (কঠিন)

- ক  $(3, 0)$  খ  $(0, 0)$  ●  $(0, 3)$  ঘ  $(3, 4)$

২৫. ঢাল 3 এবং  $(-1, 6)$  বিন্দুগামী সরলরেখার সমীকরণ নিচের কোনটি? (কঠিন)

- $y = 3x + 9$  খ  $y = 9x + 3$   
গ  $3y = 3x + 1$  ঘ  $y = x + 1$

২৬.  $y = x + 7$  ও  $y = x - 7$  এর ছেদ বিন্দু কোনটি? (কঠিন)

- ক  $(0, 7)$  খ  $(7, 0)$   
গ  $(0, -7)$  ● কোনো ছেদ বিন্দু নেই

২৭.  $A(3, 4)$  ও  $B(6, 7)$  বিন্দুদ্বয়ের সংযোগকারী সরলরেখার সমীকরণ নিচের কোনটি? (মধ্যম)

- ক  $x = y + 1$  খ  $x + y = 0$   
●  $y = x + 1$  ঘ  $x - y = 10$

২৮.  $(2, 3)$  বিন্দুগামী কোনো সরলরেখার ঢাল  $m$  হলে, সরলরেখাটির সমীকরণ কোনটি? (মধ্যম)

- $y - 3 = m(x - 2)$  খ  $y - 2 = m(x - 3)$   
গ  $y - 3 = \frac{1}{n}(x - 2)$  ঘ  $y + x = m(2 + 3)$

২৯.  $y$ -অক্ষের সমান্তরাল ও ধনাত্মক দিকে 5 একক দূরে অবস্থিত সরলরেখার সমীকরণ কোনটি? (সহজ)

- ক  $x = -5$  ●  $x = 5$  গ  $x = 0$  ঘ  $y = 5$

৩০. মূলবিন্দুগামী কোনো সরলরেখার ঢাল 3 হলে, এর সমীকরণ কী? (সহজ)

- ক  $x = 3y$  ●  $y = 3x$  গ  $y = 3x + c$  ঘ  $\frac{x}{3} + \frac{y}{3} = 1$

৩১.  $x$  অক্ষের সমান্তরাল ও ঋণাত্মক দিকে  $b$  একক দূরে অবস্থিত সরলরেখার সমীকরণ কোনটি? (সহজ)

- ক  $y = b$  খ  $x = -a$  গ  $x = a$  ●  $y = -b$

৩২. নিচের কোনটি মূলবিন্দুগামী সরলরেখার সমীকরণ? (সহজ)

- ক  $2x - 3y - 2 = 0$  খ  $x = 2y + 1$   
●  $y = 3x$  ঘ  $y = -\frac{5}{3}x + 4$

৩৩.  $4y - 8x + 12 = 0$  সরলরেখাটি  $y$ -অক্ষ হতে কত একক দৈর্ঘ্য ছেদ করে? (মধ্যম)

- ক -3 ● 3 গ -1 ঘ  $\frac{4}{3}$

৩৪.  $3x - 3y - 9 = 0$  সরলরেখাটি  $x$  অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তার স্থানাঙ্ক কত? (কঠিন)

ক)  $(-3, 0)$  খ)  $(2, 4)$  গ)  $(0, 3)$  ●  $(3, 0)$

৩৫.  $4x + y - 4 = 0$  সরলরেখাটি  $y$  অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তার স্থানাঙ্ক কত? (কঠিন)

●  $(0, 4)$  খ)  $(-4, 0)$  গ)  $(4, 0)$  ঘ)  $(0, -4)$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৬.  $y = 3x + 3$  সরলরেখা- (সহজ)

i.  $x$ - অক্ষকে  $(-1, 0)$  বিন্দুতে ছেদ করে

ii.  $y$ -অক্ষকে  $(0, 3)$  বিন্দুতে ছেদ করে

iii. মূলবিন্দুগামী

নিচের কোনটি সঠিক? (সহজ)

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭.  $x + y = 3$  সরলরেখা-

i. দ্বারা  $x$  অক্ষের ছেদকাংশ 3

ii. দ্বারা  $y$ -অক্ষের ছেদকাংশ 3

iii. অক্ষদ্বয়ের সাথে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল শূন্য

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮. i.  $x$  অক্ষের উপর  $y = 0$

ii.  $y = mx + c$  রেখায়  $c$  হচ্ছে  $y$  অক্ষের ছেদকাংশ

iii.  $y = 3x + 5$  রেখার ঢাল 3

নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

৩৯. i.  $y = 5x + 7$  রেখাটির ঢাল 7

ii.  $5y = 4x + 5$  রেখার  $y$  অক্ষের ছেদকাংশ 1

iii.  $x$  অক্ষের সাথে  $y = x - 1$  রেখার ছেদবিন্দু  $(1, 0)$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

৪০. i.  $y = x + 3$  ও  $y = -x - 3$  রেখাদ্বয়ের ছেদবিন্দু  $(-3, 0)$

ii.  $y = x + 7$  ও  $y = x - 7$  রেখাদ্বয়ের ছেদবিন্দু নেই

iii.  $5y = 3x + 4$  সরলরেখাটির ঢাল 3

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৪১ ও ৪২ নং প্রশ্নের উত্তর দাও :

$A(1, 5)$  এবং  $B(2, 4)$  দুইটি বিন্দু।

৪১.  $A$  ও  $B$  বিন্দুগামী সরলরেখার সমীকরণ কোনটি? (মধ্যম)

●  $x + y = 6$  খ)  $x - y = -4$

গ)  $x + y = -4$  ঘ)  $x = 2x - 1$

৪২.  $AB$  রেখার ঢাল কত? (মধ্যম)

ক) 1 খ) 0 ● -1 ঘ) -4

নিচের তথ্যের আলোকে ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও :

$y = \frac{x}{\sqrt{3}} + 2$  একটি রেখা।

৪৩. রেখাটির ঢাল কত? (সহজ)

- ক  $\sqrt{3}$     ●  $\frac{1}{\sqrt{3}}$     গ  $\frac{1}{2}$     ঘ 1

৪৪. রেখাটি  $y$  অক্ষকে কোন বিন্দুতে ছেদ করে? (মধ্যম)

- ক  $(-2\sqrt{3}, 0)$     খ  $(-\frac{1}{2\sqrt{3}}, 0)$  ●  $(0, 2)$     ঘ  $(0, \frac{1}{2})$

নিচের তথ্যের আলোকে ৪৫ – ৪৭ নং প্রশ্নের উত্তর দাও:

$A(p, 3), B(2, -2)$  হলে–

৪৫. ঢাল 5 হলে,  $p$  এর মান কত? (সহজ)

- ক -1    খ 2    ● 3    ঘ 0

৪৬.  $A$  বিন্দুর স্থানাঙ্ক  $(-3, 3)$  হলে  $AB$  রেখার ঢাল নিচের কোনটি? (মধ্যম)

- ক 1    খ 0    গ 2    ● -1

৪৭.  $A(-3, 3)$  হতে  $B(2, -2)$  বিন্দুর মধ্যবর্তী দূরত্ব কত? (মধ্যম)

- ক 1 একক    খ  $2\sqrt{5}$  একক    ●  $5\sqrt{2}$  একক    ঘ 3 একক

নিচের বিন্দু দুটি হতে ৪৮ – ৫১ নং প্রশ্নের উত্তর দাও:

$A(-1, 2a)$  এবং  $B(0, a^2 + 1)$

৪৮.  $AB$  রেখার ঢাল 1 হলে,  $a =$  কত? (সহজ)

- ক 1    খ -1    ● 2    ঘ -2

৪৯.  $a = 3$  হলে  $AB$  রেখার ঢাল কত হবে? (মধ্যম)

- ক 1    খ 2    গ -1    ● 4

৫০.  $a = 1$  হলে,  $A$  হতে  $B$  এর মধ্যবর্তী দূরত্ব কত? (সহজ)

- 1 একক    খ 2 একক    গ 3 একক    ঘ  $2\sqrt{2}$  একক

৫১.  $a = -1$  হলে  $AB$  রেখার সমীকরণ নিচের কোনটি? (কঠিন)

- $y = 4x + 2$     খ  $y = 4x - 3$   
গ  $y = -4x + 2$     ঘ  $y = 2x + 2$

নিচের তথ্যের আলোকে ৫২ ও ৫৩ নং প্রশ্নের উত্তর দাও:

একটি নির্দিষ্ট সরলরেখার ঢাল 3 এবং রেখাটি  $(-2, -3)$  বিন্দুগামী।

৫২. সরলরেখাটি  $x$ -অক্ষের ধনাত্মক দিকের সাথে কী কোণ তৈরি করে? (মধ্যম)

- সূক্ষ্মকোণ    খ ষ্ট্রলকোণ    গ সমকোণ    ঘ প্রবৃন্দ কোণ

৫৩. সরলরেখাটির সমীকরণ কোনটি? (কঠিন)

- ক  $y = x + 1$     খ  $y = 3x - 3$   
●  $y = 3x + 3$     ঘ  $y = 3x + 1$

নিচের তথ্যের আলোকে ৫৪ – ৫৬নং প্রশ্নের উত্তর দাও:  $y = 3x + 3$  সরলরেখাটি কোনো নির্দিষ্ট বিন্দু  $P(t, 4)$  দিয়ে যায়। সরলরেখাটি  $x$  ও  $y$  অক্ষকে যথাক্রমে

$A$  ও  $B$  বিন্দুতে ছেদ করে।

৫৪.  $P$  বিন্দুর স্থানাঙ্ক কত? (মধ্যম)

- ক  $(\frac{1}{4}, 3)$     ●  $(\frac{1}{3}, 4)$     গ  $(\frac{1}{3}, \frac{1}{4})$     ঘ  $(-\frac{1}{3}, \frac{1}{4})$

৫৫.  $A$  বিন্দুর স্থানাঙ্ক নিচের কোনটি? (কঠিন)

- ক  $(0, -1)$     খ  $(1, 0)$     ●  $(-1, 0)$     ঘ  $(-1, -1)$

৫৬. রেখাটির  $y$  ছেদকাংশ কত? (মধ্যম)

- ক 1    খ 2    ● 3    ঘ 8

৫৭.  $A(3, 4)$  এবং  $B(6, 7)$  বিন্দুদ্বয়ের সংযোগকারী সরলরেখার সমীকরণ কোনটি?

- ক  $x = y + 1$     খ  $y = x - 1$  ●  $y = x + 1$     ঘ  $x = 1 - y$

৫৮.  $A(-2, 3)$  বিন্দুগামী ও  $\frac{1}{2}$  ঢালবিশিষ্ট সরলরেখার সমীকরণ কোনটি? (মধ্যম)

- ক  $2x = 5x + 6$     খ  $x + y = 1$

- $x - 2y + 8 = 0$       ঘ)  $Ax + 3 = y$
৫৯.  $(2, -1)$  বিন্দুগামী ও 2 ঢালবিশিষ্ট রেখার সমীকরণ হবে—
- ক)  $x - y = 5$       ●  $2x - y = 5$
- গ)  $2x + y = 5$       ঘ)  $2x + y + 5 = 0$
৬০. নিচের কোনটি  $y = 2x + 9$  এবং  $x = 3y - 12$  সরলরেখা দুইটির ছেদ বিন্দু?
- ক)  $(3, -3)$       খ)  $(4, -4)$       ●  $(-3, 3)$       ঘ)  $(-4, 4)$
৬১.  $4x + 3y = 12$  রেখাটি অবয়দয়কে যে বিন্দুতে ছেদ করে—
- ক)  $(2, 0)$  এবং  $(0, 3)$       খ)  $(2, 0)$   $(3, 0)$
- গ)  $(4, 0)$   $(6, 0)$       ●  $(3, 0)$   $(0, 4)$
৬২.  $(2, -3)$ , বিন্দু দিয়ে যায় এবং  $2x - 3y = 7$  রেখার উপর লম্ব রেখার সমীকরণ কোনটি?
- $3x + 2y = 0$       খ)  $2x + 3y = 0$
- গ)  $2y - 3x = 0$       ঘ)  $2x - 3y = 0$
৬৩.  $x + 2y - 3 = 0$  সমীকরণটি  $x$  অক্ষকে কোন বিন্দুতে ছেদ করে?
- ক)  $(3, 2)$       খ)  $(0, 3)$       ●  $(3, 0)$       ঘ)  $(\frac{3}{2}, 0)$
৬৪.  $(2, 3)$  এবং  $(4, 5)$  বিন্দুগামী সরলরেখার সমীকরণ কোনটি?
- ক)  $x + y - 1 = 0$       খ)  $x - y - 1 = 0$
- $x - y + 1 = 0$       ঘ)  $x + y - 2 = 0$
৬৫.  $k$  এর মান কত হলে  $5x + 4y - 6 = 0$  এবং  $2x + ky + 9 = 0$  রেখা দুটি সমান্তরাল হবে—
- $\frac{8}{5}$       খ)  $\frac{7}{5}$       গ)  $-\frac{8}{5}$       ঘ)  $-\frac{7}{5}$
৬৬. নিচের কোনটি সরলরেখার সমীকরণ?
- $x - y + 1 = 0$       খ)  $x^2 + 2x + 1 = 0$
- গ)  $y^2 + x^2 = 9$       ঘ)  $\frac{x^2}{9} + \frac{y^2}{16} = 1$
৬৭.  $y = 5x$  সরলরেখা—
- i. মূল বিন্দুগামী
- ii. X-অক্ষকে  $(0, 5)$  বিন্দুতে ছেদ করে
- iii. দ্বারা X অক্ষের ছেদাংশ 0
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii      ● i ও iii      গ) ii ও iii      ঘ) i, ii ও iii
৬৮. i.  $y - 2x + 5 = 0$  রেখার ঢাল 2
- ii.  $3x + 5y = 0$  রেখাটি মূলবিন্দুগামী
- iii. A(0, -a) এবং B(b, 0) হলে AB রেখার সমীকরণ  $2x + 3y = 3$
- নিচের কোনটি সঠিক?
- i ও ii      খ) ii ও iii      গ) i ও iii      ঘ) i, ii ও iii
৬৯. সরলরেখার দুটি বিন্দু  $(x_1, y_1)$  এবং  $(x_2, y_2)$ —
- i.  $y_1 = y_2$  হলে ঢাল শূন্য      ii.  $x_1 = x_2$  হলে ঢাল অনির্ণয়
- iii.  $x_1 = x_2$  হলে ঢাল x অক্ষের সমান্তরাল
- নিচের কোনটি সঠিক?
- ক) i      ● i ও ii      গ) ii ও iii      ঘ) i, ii ও iii
৭০.  $(-2, -3)$  বিন্দুগামী ও 3 ঢালবিশিষ্ট রেখা—
- i. যার সমীকরণ  $3x - y + 3 = 0$       ii. যার y অক্ষ থেকে কর্তিত অংশ 3
- iii. যা মূল বিন্দুগামী
- নিচের কোনটি সঠিক?


- কি i ও iii    ● i ও ii    গি ii ও iii    ঘি i, ii ও iii

৭১.  $x + y = 2$  সরলরেখাটি—

- i. x অক্ষকে (2, 0) বিন্দুতে ছেদ করে  
ii. y অক্ষকে (0, 2) বিন্দুতে ছেদ করে  
iii. x অক্ষ ও y অক্ষ থেকে কর্তিত অংশের সমষ্টি 4  
নিচের কোনটি সঠিক?

- কি i ও ii    খি i ও iii    গি ii ও iii    ● i, ii ও iii

নিচের তথ্যের আলোকে ৭২ ও ৭৩ নং প্রশ্নের উত্তর দাও:




৭২. AB রেখার ঢাল কত? (মধ্যম)

- $\frac{4}{3}$     খি  $\frac{3}{4}$     গি  $\frac{1}{3}$     ঘি  $-\frac{1}{3}$

৭৩. AB সরলরেখার সমীকরণ নিচের কোনটি?

- কি  $3x - 4y = 12$     ●  $4x - 3y = 12$   
গি  $4x + 3y = 12$     ঘি  $3x - 4y = 12$

নিচের তথ্যের আলোকে ৭৪ - ৭৬নং প্রশ্নের উত্তর দাও:



৭৪. AB রেখার ঢাল কত?

- 1    খি  $\frac{1}{2}$     গি  $\frac{1}{3}$     ঘি  $\frac{1}{4}$

৭৫. AB রেখার সমীকরণ কোনটি?

- কি  $x + y = 3$     ●  $x - y = 3$     গি  $x + y = 1$     ঘি  $x - y = 1$

৭৬.  $\Delta AOB$  এর বৈশিষ্ট্য নিচের কোনটি?

- কি 9    খি 6    ●  $\frac{9}{2}$     ঘি  $\frac{3}{2}$

নিচের তথ্যের আলোকে ৭৭ ও ৭৮ নং প্রশ্নের উত্তর দাও:

A(3, 4) ও B(6, 7) একই সমতলে অবস্থিত দুটি বিন্দু।

৭৭. AB সরলরেখার ঢাল m এর মান কত?

- কি -2    খি -1    ● 1    ঘি 3

৭৮. AB সরলরেখার সমীকরণ নিচের কোনটি?

- কি  $x = y + 1$     ●  $y = x + 1$   
গি  $x + y = 1$     ঘি  $x + y + 1 = 0$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৯. A(-3, 2) এবং B(3, -2) একই সরলরেখার ওপর দুইটি বিন্দু হলে—

- i. AB ও BA রেখার ঢাল একই  
ii. AB রেখার ঢাল  $-\frac{2}{3}$

iii. রেখাটি  $x$  অক্ষের ধনাত্মক দিকের সাথে সূক্ষ্মকোণ উৎপন্ন করেছে  
নিচের কোনটি সঠিক? (মধ্যম)

● i ও ii    (খ) i ও iii    (গ) ii ও iii    (ঘ) i, ii ও iii

৮০.  $A(x_1, y_1)$ ,  $B(x_2, y_2)$ ,  $C(x_3, y_3)$ ,  $D(x_4, y_4)$  চারটি বিন্দু হলে—

i.  $AB = \sqrt{(x_2 - x_1)^2 + (y_2 - y_1)^2}$

ii.  $\Delta ABC$  এর ক্ষেত্রফল  $= \frac{1}{2} \begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix}$


iii.  $ABCD$  চতুর্ভুজের ক্ষেত্রফল  $= \frac{1}{2} \begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 \\ y_1 & y_2 & y_3 & y_4 \end{vmatrix}$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

● i ও ii    (খ) i ও iii    (গ) ii ও iii    (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের চিত্রের আলোকে ৮১ – ৮৩ নং প্রশ্নের উত্তর দাও :



৮১.  $BC$  বাহুর দৈর্ঘ্য কত একক? (মধ্যম)

(ক) 5    (খ) 8    ● 10    (ঘ)  $\frac{11}{2}$

৮২. মূলবিন্দু হতে  $A$  বিন্দুর দূরত্ব কত একক? (মধ্যম)

● 5    (খ) 8    (গ) 10    (ঘ) 11

৮৩.  $\Delta ABC$  এর বেত্রফল কত বর্গ একক? (কঠিন)

(ক) 25    (খ) 24    ● 30    (ঘ) 40

## সৃজনশীল প্রশ্ন:

### ১. ঢাকা বোর্ড ২০২০

(i)  $P(5, 3)$ ,  $Q(-4, 3)$ ,  $R(-3, -2)$  ও  $S(4, -2)$  একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।

(ii)  $A(t, 2)$  বিন্দুগামী  $3x + 2y = 12$  সরলরেখাটি  $x$  ও  $y$  অক্ষকে যথাক্রমে  $B$  ও  $C$  বিন্দুতে ছেদ করে।

ক.  $t$  এর মান নির্ণয় কর।

২

খ.  $PQRS$  চতুর্ভুজের যে অংশ  $O$ য় চতুর্ভাগে অবস্থান করে তার ক্ষেত্রফল নির্ণয় কর।

8

গ.  $OBC$  ত্রিভুজকে  $OC$  রেখার চারদিকে একবার ঘুরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

8

### ⇨ ১নং প্রশ্নের সমাধান ⇨

ক. প্রদত্ত  $3x + 2y = 12$  সরলরেখাটি  $A(t, 2)$  বিন্দুগামী।

সুতরাং,  $A(t, 2)$  বিন্দুটি দ্বারা প্রদত্ত সরলরেখাটি সিদ্ধ হবে।

অর্থাৎ,  $3t + 2 \cdot 2 = 12$

বা,  $3t + 4 = 12$

বা,  $3t = 12 - 4$


বা,  $3t = 8$

$t = \frac{8}{3}$

নির্ণেয় মান :  $t = \frac{8}{3}$

খ. প্রদত্ত  $P(5, 3)$ ,  $Q(-4, 3)$ ,  $R(-3, -2)$  ও  $S(4, -2)$

বিন্দুগুলো হলো  $PQRS$  চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।  $XY$  সমতলে বিন্দুগুলো স্থাপন করে  $PQRS$  চতুর্ভুজটি আঁকা হলো।



এখানে,  $O$  বিন্দুর স্থানাঙ্ক  $(0, 0)$

ধরি,  $QR$  রেখা  $x$  অক্ষকে  $L$  বিন্দুতে এবং  $RS$  রেখা  $y$ -অক্ষকে  $M$  বিন্দুতে ছেদ করে।

এখন,  $QR$  রেখার সমীকরণ,

$$\frac{x - (-4)}{-4 - (-3)} = \frac{y - 3}{3 - (-2)}$$

বা,  $\frac{x+4}{-4+3} = \frac{y-3}{3+2}$

বা,  $\frac{x+4}{-1} = \frac{y-3}{5}$

বা,  $5x + 20 = -y + 3$

বা,  $5x + 20 + y - 3 = 0$

$5x + y + 17 = 0 \dots\dots\dots (i)$

$QR$  রেখাটি  $x$  অক্ষকে  $L$  বিন্দুতে ছেদ করে।

$x$ -অক্ষে কোটি  $y = 0$

( $i$ )নং সমীকরণে  $y = 0$  বসিয়ে পাই,

$$5x + 0 + 17 = 0$$

বা,  $5x = -17$

$$\therefore x = \frac{-17}{5}$$

$\therefore L$  বিন্দুর স্থানাঙ্ক  $(-\frac{17}{5}, 0)$

আবার,  $y$ -অক্ষে ভুজ  $x = 0$

$\therefore M$  বিন্দু  $y$ -অক্ষে অবস্থিত হওয়ায়  $M$  বিন্দুর ভুজ  $x = 0$ ,  $R(-3, -2)$  এবং  $S(4, -2)$  উভয় বিন্দুর কোটি  $y = -2$  এবং  $M$  বিন্দু

$RS$  রেখার উপর অবস্থিত হওয়ায়  $M$  বিন্দুর কোটি  $y = -2$

$\therefore RS$  রেখা  $y$ -অক্ষকে  $M$  বিন্দুতে ছেদ করায়  $M$  বিন্দুর স্থানাঙ্ক  $(0, -2)$ .

$\therefore PQRS$  চতুর্ভুজের  $OLRM$  অংশ ওয় চতুর্ভুজে অবস্থিত।

এখন, ওয় চতুর্ভুজে অবস্থিত  $O(0, 0)$ ,  $L(-\frac{17}{5}, 0)$ ,  $R(-3, -2)$  এবং  $M(0, -2)$  বিন্দুগুলো দ্বারা গঠিত  $OLRM$  চতুর্ভুজের

ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \left| 0 \quad -\frac{17}{5} \quad -3 \quad 0 \quad 0 \right| \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (0 + \frac{34}{5} + 6 + 0 + 0 + 0 + 0 + 0) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times \frac{34+30}{5} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times \frac{64}{5} \text{ বর্গ একক}$$

$$= \frac{32}{5} \text{ বর্গ একক}$$

$$= 6.4 \text{ বর্গ একক}$$

নির্ণয়ে  $PQRS$  চতুর্ভুজের ৩য় চতুর্ভাগে অবস্থিত অংশের ক্ষেত্রফল 6.4 বর্গ একক।

গ. এখানে,  $A$  বিন্দুর স্থানাঙ্ক  $(t, 2)$

$$\text{'ক' হতে পাই, } t = \frac{8}{3}$$

$$\therefore A \text{ বিন্দুর স্থানাঙ্ক } \left(\frac{8}{3}, 2\right)$$

$3x + 2y = 12$  সরলরেখাটি  $x$ -অক্ষকে  $B$  বিন্দুতে ছেদ করে  $x$ -অক্ষে কোটি  $y = 0$ .

$$\therefore B \text{ বিন্দুর স্থানাঙ্কের কোটি } y = 0.$$


$$\text{এক্ষেত্রে, } 3x + 2 \cdot 0 = 12$$

$$\text{বা, } 3x = 12$$

$$\text{বা, } x = \frac{12}{3}$$

$$\therefore x = 4$$

$$\therefore B \text{ বিন্দুর স্থানাঙ্ক } (4, 0)$$



আবার,  $3x + 2y = 12$  সরলরেখাটি  $y$ -অক্ষকে  $C$  বিন্দুতে ছেদ করে।

$$y \text{-অক্ষে ভুজ } x = 0.$$

$$C \text{ বিন্দুর স্থানাঙ্কের ভুজ } x = 0.$$

$$\text{এক্ষেত্রে, } 3 \cdot 0 + 2y = 12$$

$$\text{বা, } 2y = 12$$

$$\text{বা, } y = \frac{12}{2}$$

$$\therefore y = 6$$

$$\therefore C \text{ বিন্দুর স্থানাঙ্ক } (0, 6)$$

এখানে,  $O$  বিন্দুর স্থানাঙ্ক  $(0, 0)$

$OBC$  ত্রিভুজকে  $OC$  রেখার চারদিকে একবার ঘুরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তা একটি সমবৃত্তভূমিক কোণক। যার উচ্চতা  $C$  বিন্দুর কোটির সমান অর্থাৎ উচ্চতা  $h = 6$  একক এবং এর ব্যাসার্ধ  $B$  বিন্দুর ভূজের সমান অর্থাৎ ব্যাসার্ধ  $r = 4$  একক।

সমবৃত্তভূমিক কোণকটির হেলানো উচ্চতা,

$$l = BC = \sqrt{h^2 + r^2} \text{ একক}$$

$$= \sqrt{6^2 + 4^2} \text{ একক}$$

$$= \sqrt{36 + 16} \text{ একক}$$

$$= \sqrt{52} \text{ একক} = \sqrt{4 \times 13} \text{ একক} = 2\sqrt{13} \text{ একক}$$

∴ সমবৃত্তভূমিক কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল

$$= \pi r(r + l) \text{ বর্গ একক}$$

$$= 3.1416 \times 4 \times (4 + 2\sqrt{13}) \text{ বর্গ একক}$$

$$= 140.883 \text{ বর্গ একক (প্রায়)}$$

নিণেয় উৎপন্ন ঘনবস্তু সমবৃত্তভূমিক কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল 140.883 বর্গ একক (প্রায়)।

## 📖 ২. রাজশাহী বোর্ড ২০২০

$A(k^2 + 2, 3k), B(4, 8), C(7, 5)$  তিনটি ভিন্ন বিন্দু।

ক.  $5x - 4y - 3 = 0$  রেখাটি  $X$  ও  $Y$  অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তা নির্ণয় কর।

২

খ.  $A, B$  এবং  $C$  বিন্দুত্রয় সমরেখ হলে  $x$  এর মান নির্ণয় কর। ৪

গ.  $BC$  কে কোনো অর্ধবৃত্তের ব্যাস ধরে এর চতুর্দিকে অর্ধবৃত্ত ক্ষেত্রটিকে একবার ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার আয়তন নির্ণয় কর।

৪

### ⇨ ২নং প্রশ্নের সমাধান ⇩

ক. ধরি,  $5x - 4y - 3 = 0$  রেখাটি  $X$  ও  $Y$  অক্ষকে যথাক্রমে  $M$  ও  $N$  বিন্দুতে ছেদ করে।

$X$ -অক্ষের উপর কোটি  $y = 0$

∴  $M$  বিন্দুর কোটি  $y = 0$

$$\text{এক্ষেত্রে, } 5x - 4 \cdot 0 - 3 = 0$$

$$\text{বা, } 5x = 3$$

$$\therefore x = \frac{3}{5}$$

∴  $A$  বিন্দুর স্থানাঙ্ক  $(\frac{3}{5}, 0)$

আবার,  $Y$  অক্ষের উপর ভুজ  $x = 0$

∴  $N$  বিন্দুর ভুজ  $x = 0$

$$\text{এক্ষেত্রে, } 5 \cdot 0 - 4y - 3 = 0$$

$$\text{বা, } -4y = 3$$

$$\therefore y = -\frac{3}{4}$$

∴  $B$  বিন্দুর স্থানাঙ্ক  $(0, -\frac{3}{4})$

∴  $5x - 4y - 3 = 0$  রেখাটি  $x$ -অক্ষকে  $(\frac{3}{5}, 0)$  বিন্দুতে

এবং  $Y$ -অক্ষকে  $(0, -\frac{3}{4})$  বিন্দুতে ছেদ করে

খ. দেওয়া আছে,

$A(k^2 + 2, 3k), B(4, 8), C(7, 5)$  তিনটি ভিন্ন বিন্দু।

$A, B$  ও  $C$  বিন্দুত্রয় সমরেখ হলে  $AB, BC$  ও  $AC$  রেখার ঢাল সমান হবে।

$$AB \text{ রেখার ঢাল} = \frac{8-3k}{4-k^2-2} = \frac{8-3k}{2-k^2}$$

$$BC \text{ রেখার ঢাল} = \frac{5-8}{7-4} = \frac{-3}{3} = -1$$

$$AC \text{ রেখার ঢাল} = \frac{5-3k}{7-k^2-2} = \frac{5-3k}{5-k^2}$$

শর্তমতে,

$$\frac{8-3k}{2-k^2} = -1 = \frac{5-3k}{5-k^2}$$

$$\text{অর্থাৎ, } \frac{8-3k}{2-k^2} = -1$$

$$\text{বা, } 8 - 3k = -2 + k^2$$

$$\text{বা, } k^2 + 3k - 2 - 8 = 0$$

$$\text{বা, } k^2 + 3k - 10 = 0$$

$$\text{বা, } k^2 + 5k - 2k - 10 = 0$$

$$\text{বা, } k(k + 5) - 2(k + 5) = 0$$

$$\text{বা, } (k + 5)(k - 2) = 0$$

$$\text{হয়, } k + 5 = 0 \quad \text{অথবা, } k - 2 = 0$$

$$\text{বা, } k = -5 \quad \text{বা, } k = 2$$

নির্ণেয়  $k$  এর মান 5, 2।

গ. দেওয়া আছে,

$$B(4, 8) \text{ এবং } C(7, 5)$$

$$BC \text{ রেখার দৈর্ঘ্য} = \sqrt{(4-7)^2 + (8-5)^2} \text{ একক}$$

$$= \sqrt{(-3)^2 + 3^2} \text{ একক}$$

$$= \sqrt{9+9} \text{ একক}$$

$$\sqrt{18} \text{ একক} = 3\sqrt{2} \text{ একক}$$

$BC$  কে কোনো অর্ধবৃত্তের ব্যাস ধরে এর চতুর্দিকে অর্ধবৃত্ত ক্ষেত্রটিকে একবার ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তা একটি গোলক যার ব্যাস  $3\sqrt{2}$  একক।

$$\therefore \text{গোলকটির ব্যাসার্ধ, } r = \frac{3\sqrt{2}}{2} = \frac{3}{\sqrt{2}} \text{ একক}$$

$$\text{সুতরাং, গোলকটির আয়তন} = \frac{4}{3}\pi r^3 \text{ ঘন একক}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times \left(\frac{3}{\sqrt{2}}\right)^3$$

$$= 39.986 \text{ ঘন একক (প্রায়)}$$

নির্ণেয় উৎপন্ন গোলকটির আয়তন 39.986 ঘন একক (প্রায়)

### 📖 ৩. যশোর বোর্ড ২০২০

$y = x - 8$ ,  $y = -2x + 10$  এবং  $y = 2$  সমীকরণ তিনটি একটি ত্রিভুজের তিনটি বাহু নির্দেশ করে।

ক. প্রথম সমীকরণটি  $x$  অক্ষের সাথে কত ডিগ্রি কোণ উৎপন্ন করে তা নির্ণয় কর।

২

খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

৪

গ. দ্বিতীয় রেখাটি ও অক্ষদ্বয় সমন্বয়ে গঠিত ত্রিভুজটিকে সমকোণ সংলগ্ন বৃহত্তর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার আয়তন নির্ণয় কর।

৪

### ⇨ ৩নং প্রশ্নের সমাধান ⇩

ক. প্রদত্ত প্রথম সমীকরণ,  $y = x - 8$

উক্ত সরলরেখার সমীকরণকে  $y = mx + c$  এর সাথে তুলনা করে পাই, ঢাল,  $m = 1$

আমরা জানি, কোনো সরলরেখার  $x$  অক্ষের সাথে উৎপন্ন কোণ  $\theta$  হলে, ঢাল  $m = \tan\theta$

$$\text{বা, } 1 = \tan\theta$$

$$\text{বা, } \tan 45 = \tan\theta$$

$$\therefore \theta = 45^\circ$$

$\therefore$  প্রথম সমীকরণটি  $x$  অক্ষের সাথে  $45^\circ$  কোণ উৎপন্ন করে।

খ. প্রদত্ত সমীকরণত্রয়

$$y = x - 8 \dots\dots\dots(i)$$

$$y = -2x + 10 \dots\dots\dots(ii)$$

$$y = 2 \dots \dots \dots (iii)$$

সমীকরণ (i), (ii) ও (iii) একটি ত্রিভুজের তিনটি বাহু নির্দেশ করে। সমীকরণত্রয়ের ছেদবিন্দুগুলোই ত্রিভুজটির শীর্ষবিন্দু হবে।

ধরি, সমীকরণ (i) ও (ii) এর ছেদবিন্দু A।

এখন, সমীকরণ (i) ও (ii) তুলনা করে পাই,

$$x - 8 = -2x + 10$$

$$\text{বা, } x + 2x = 10 + 8$$

$$\text{বা, } 3x = 18$$

$$\text{বা, } x = \frac{18}{3}$$

$$\therefore x = 6$$

$$\text{এবং } y = 6 - 8 = -2$$

$$\therefore A \text{ বিন্দুর স্থানাঙ্ক } (6, -2)$$

আবার ধরি, সমীকরণ (ii) ও (iii) এর ছেদবিন্দু B।

সমীকরণ (i) ও (ii) তুলনা করে পাই,

$$2 = -2x + 10$$

$$\text{বা, } 2x = 10 - 2$$

$$\text{বা, } 2x = 8$$

$$\text{বা, } x = \frac{8}{2}$$

$$\text{এবং } y = -2.4 + 10$$

$$-8 + 10 = 2$$

$$\therefore B \text{ বিন্দুর স্থানাঙ্ক } (4, 2)$$

আবার ধরি, সমীকরণ (i) ও (iii) এর ছেদবিন্দু C।

এখন, সমীকরণ (i) ও (iii) তুলনা করে পাই,

$$x - 8 = 2$$

$$\text{বা, } x = 2 + 8$$

$$\therefore x = 10$$

এবং সমীকরণ (ii) হতে পাই,

$$y = 2$$

$$\therefore C \text{ বিন্দুর স্থানাঙ্ক } (10, 2)$$

A(6, -2), B(4, 2) এবং C(10, 2) বিন্দুসমূহকে ঘড়ির কাটার বিপরীত দিকে নিয়ে  $\triangle ABC$  এর ক্ষেত্রফল .

$$= \frac{1}{2} \begin{vmatrix} 6 & 10 & 4 & 6 \\ -2 & 2 & 2 & -2 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (12 + 20 - 8 + 20 - 8 - 12) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (52 - 28) \text{ বর্গ একক}$$


$$= \frac{1}{2} \times 24 \text{ বর্গ একক}$$

$$= 12 \text{ বর্গ একক}$$

নিণেয় ত্রিভুজের ক্ষেত্রফল 12 বর্গ একক।

**গ.** প্রদত্ত দ্বিতীয় রেখা,  $y = -2x + 10$

ধরি, রেখাটি  $x$  ও  $y$  অক্ষকে যথাক্রমে  $M$  ও  $N$  বিন্দুতে ছেদ করে।  $M$  বিন্দু  $x$  অক্ষের উপর অবস্থিত হওয়ায়  $M$  বিন্দুর কোটি,  $y = 0$



এক্ষেত্রে  $0 = -2x + 10$ .

বা,  $2x = 10$

বা,  $x = \frac{10}{2}$

$\therefore x = 5$

$\therefore A$  বিন্দুর স্থানাঙ্ক  $(5, 0)$

আবার,  $N$  বিন্দু  $y$  অক্ষে অবস্থিত হওয়ায়  $N$  বিন্দুর ভূজ  $x = 0$

এক্ষেত্রে,  $y = -2 \cdot 0 + 10$

$\therefore y = 10$

$\therefore N$  বিন্দুর স্থানাঙ্ক  $(0, 10)$

দ্বিতীয় রেখা ও অক্ষদ্বয় সমন্বয়ে গঠিত  $MON$  ত্রিভুজটিকে সমকোণ সংলগ্ন বৃত্তের বাহু  $ON$  এর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তা হলো একটি সমবৃত্তভূমিক কোণক। যার ব্যাসার্ধ,  $r = M$  বিন্দুর ভূজ  $= 5$  একক এবং উচ্চতা,  $h = N$  বিন্দুর কোটি  $= 10$  একক সমবৃত্তভূমিক কোণকের আয়তন

$= \frac{1}{3} \pi r^2 h$  ঘন একক

$= \frac{1}{3} \times 3.1416 \times 5^2 \times 10$  ঘন একক

$= \frac{1}{3} \times 3.1416 \times 25 \times 10$  ঘন একক

$= 261.8$  ঘন একক (প্রায়)

নির্ণেয় উৎপন্ন ঘনবস্তু কোনকটির আয়তন  $261.4$  ঘন একক (প্রায়)

**8. চট্টগ্রাম বোর্ড ২০২০**

$P(1, 5), Q(4, 5), R(1, -2)$  এবং  $S(-2, -2)$  একটি

চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।

ক,  $PQ$  রেখার ঢাল নির্ণয় কর। ২

খ.  $PQRS$  চতুর্ভুজটি সামান্তরিক না আয়তক্ষেত্র নির্ণয় কর। ৪

গ.  $PQRS$  চতুর্ভুজের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

⇒ ৪নং প্রশ্নের সমাধান ⇐

ক. প্রদত্ত বিন্দু  $P(1, 5)$  এবং  $Q(4, 5)$


$\therefore PQ$  রেখার ঢাল,  $m = \frac{y_1 - y_2}{x_1 - x_2}$

$$= \frac{5 - 5}{1 - 4} = \frac{0}{-3} = 0$$

নির্ণেয়  $PQ$  রেখার ঢাল  $0$ .

খ. এখানে,  $P(1, 5), Q(4, 5), R(1, -2)$  এবং  $S(-2, -2)$

একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।



$PQ$  বাহুর দৈর্ঘ্য  $= \sqrt{(4 - 1)^2 + (5 - 5)^2}$  একক

$$= \sqrt{3^2 + 0^2} \text{ একক}$$

$$= \sqrt{9 + 0} \text{ একক}$$

$$= \sqrt{9} \text{ একক} = 3 \text{ একক}$$

$$SR \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(1+2)^2 + (-2+2)^2} \text{ একক}$$

$$= \sqrt{3^2 + 0^2} \text{ একক}$$

$$= \sqrt{9 + 0} \text{ একক}$$

$$= \sqrt{9} \text{ একক} = 3 \text{ একক}$$

$$PS \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(-2-1)^2 + (-2-5)^2} \text{ একক}$$

$$= \sqrt{(-3)^2 + (-7)^2} \text{ একক}$$

$$= \sqrt{9 + 49} \text{ একক}$$

$$= \sqrt{58} \text{ একক}$$

$$QR \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(1-4)^2 + (-2-5)^2} \text{ একক}$$

$$= \sqrt{(-3)^2 + (-7)^2} \text{ একক}$$

$$= \sqrt{9 + 49} \text{ একক}$$

$$= \sqrt{58} \text{ একক}$$

$$\therefore PR \text{ কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{(1-1)^2 + (-2-5)^2} \text{ একক}$$

$$= \sqrt{0^2 + (-7)^2} \text{ একক}$$

$$= \sqrt{0 + 49} \text{ একক}$$

$$= \sqrt{49} \text{ একক} = 7 \text{ একক}$$

$$\therefore QS \text{ কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{(-2-4)^2 + (-2-5)^2} \text{ একক}$$

$$= \sqrt{(-6)^2 + (-7)^2} \text{ একক}$$

$$= \sqrt{36 + 49} \text{ একক}$$

$$= \sqrt{85} \text{ একক} = 9.2195 \text{ একক (প্রায়)}$$

যেহেতু,  $PQRS$  চতুর্ভুজের  $PQ$  বাহু =  $SR$  বাহু এবং  $PS$  বাহু =  $QR$  বাহু কিন্তু কর্ণ  $\neq QS$  কর্ণ।

সুতরাং  $PQRS$  একটি সামান্তরিক।

**গ.** এখানে,  $P(1,5)$ ,  $Q(4,5)$ ,  $R(1,-2)$  এবং  $S(-2,-2)$  হচ্ছে  $PQRS$  চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।

বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে  $PQRS$  চতুর্ভুজের ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} 1 & -2 & 1 & 4 & 1 \\ 5 & -2 & -2 & 5 & 5 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (-2 + 4 + 5 + 20 + 10 + 2 + 8 - 5) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (49 - 7) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times 42 \text{ বর্গ একক} = 21 \text{ বর্গ একক}$$

$\therefore PQRS$  চতুর্ভুজের ক্ষেত্রফল 21 বর্গ একক।

$PQRS$  চতুর্ভুজের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গের বাহুর দৈর্ঘ্য

$$a = \sqrt{21} \text{ একক}$$

$$\therefore \text{বর্গের কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{2}a \text{ একক}$$

$$= \sqrt{2} \times \sqrt{21} \text{ একক}$$

$$= \sqrt{2 \times 21} \text{ একক} = \sqrt{42} \text{ একক}$$

নির্ণেয়  $PQRS$  চতুর্ভুজের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গের কর্ণের দৈর্ঘ্য  $\sqrt{42}$  একক।

**৫. বরিশাল বোর্ড ২০২০**

$P(-10, 6)$ ,  $Q(-12, -4)$ ,  $R(-3, -4)$  ও  $S(-1, 6)$  একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।

ক.  $-2$  ঢাল ও  $(-3, 6)$  বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ২

খ. দেখাও যে,  $PQRS$  একটি সামান্তরিক। ৪

গ. উক্ত চতুর্ভুজের যে অংশ ২য় চতুর্থাংশে অবস্থিত তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

**⇒ স্নেহ প্রশ্নের সমাধান ⇐**

ক. আমরা জানি,  $m$  ঢালবিশিষ্ট ও  $(x_1, y_1)$  বিন্দুগামী সরলরেখার সমীকরণ,

$$\therefore y - y_1 = m(x - x_1)$$

$\therefore -2$  ঢাল ও  $(-3, 6)$  বিন্দুগামী সরলরেখার সমীকরণ,

$$y - 6 = -2(x + 3)$$

$$\text{বা, } y - 6 = -2x - 6$$

$$\text{বা, } 2x + y - 6 + 6 = 0$$


$$\therefore 2x + y = 0$$

নির্ণেয় সরলরেখার সমীকরণ  $2x + y = 0$ .

খ. এখানে,  $P(-10, 6)$ ,  $Q(-12, -4)$ ,  $R(-3, -4)$  ও

$S(-1, 6)$  হচ্ছে  $PQRS$  চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।

$PQRS$  যদি সামান্তরিক হয় তবে এর  $PQ$  ও  $RS$  বাহু,  $PS$  ও  $QR$  বাহু সমান হবে এবং  $PR$  ও  $QS$  কর্ণদ্বয় অসমান হবে।



$$PQ \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(-10 + 12)^2 + (6 + 4)^2} \text{ একক}$$

$$= \sqrt{2^2 + (10)^2} \text{ একক}$$

$$= \sqrt{4 + 100} \text{ একক}$$

$$= \sqrt{104} \text{ একক} = 2\sqrt{26} \text{ একক}$$

$$RS \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(-3 + 1)^2 + (-4 - 6)^2} \text{ একক।}$$

$$= \sqrt{(-2)^2 + (-10)^2} \text{ একক}$$

$$= \sqrt{4 + 100} \text{ একক}$$

$$= \sqrt{104} \text{ একক} = 2\sqrt{26} \text{ একক}$$

$$QR \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(-12 + 3)^2 + (-4 + 4)^2} \text{ একক।}$$

$$= \sqrt{(-9)^2 + 0^2} \text{ একক}$$

$$= \sqrt{81} \text{ একক} = 9 \text{ একক}$$

$$PS \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(-10 + 1)^2 + (6 - 6)^2} \text{ একক।}$$

$$= \sqrt{(-9)^2 + 0^2} \text{ একক}$$

$$= \sqrt{81} \text{ একক} = 9 \text{ একক}$$

$$PR \text{ কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{(-10 + 3)^2 + (6 + 4)^2} \text{ একক।}$$

$$= \sqrt{(-7)^2 + (10)^2} \text{ একক}$$

$$= \sqrt{49 + 100} \text{ একক} = \sqrt{149} \text{ একক}$$

$$= 12.2066 \text{ একক (প্রায়)}$$

$$\begin{aligned} OS \text{ কর্ণের দৈর্ঘ্য} &= \sqrt{(-12 + 1)^2 + (-4 - 6)^2} \text{ একক।} \\ &= \sqrt{(-11)^2 + (-10)^2} \text{ একক} \\ &= \sqrt{121 + 100} \text{ একক} = \sqrt{221} \text{ একক} \\ &= 14.866 \text{ একক (প্রায়)} \end{aligned}$$


যেহেতু  $PQ$  বাহু  $= RS$  বাহু,  $QR$  বাহু  $= PS$  বাহু কিন্তু

$PR$  কর্ণ  $\neq QS$  কর্ণ।

তাই  $PQRS$  একটি সামান্তরিক। (দেখানো হলো)

**গ.** এখানে,  $P(-10, 6)$ ,  $Q(-12, -4)$ ,  $R(-3, -4)$  এবং  $S(-1, 6)$  হচ্ছে  $PQRS$  চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।

মনে করি,  $PQRS$  চতুর্ভুজের  $PQ$  বাহু  $X$  অক্ষকে  $A$  বিন্দুতে এবং  $RS$  বাহু  $x$  অক্ষকে  $B$  বিন্দুতে ছেদ করে। তাই  $PQRS$  চতুর্ভুজের  $PABS$  অংশ দ্বিতীয় চতুর্ভাগে অবস্থান করবে।



এখন,  $PQ$  রেখার সমীকরণ,

$$\frac{y-6}{6+4} = \frac{x+10}{-10+12}$$

$$\text{বা, } \frac{y-6}{10} = \frac{x+10}{2}$$

$$\text{বা, } 10x + 100 = 2y - 12$$

$$\text{বা, } 10x - 2y + 100 + 12 = 0$$

$$\text{বা, } 10x - 2y + 112 = 0$$

$$\text{বা, } 2(5x - y + 56) = 0$$

$$\therefore 5x - y + 56 = 0$$

$x$ -অক্ষের উপর কোটি  $y = 0$

$PQ$  বাহু  $x$ -অক্ষকে  $A$  বিন্দুতে ছেদ করায়  $A$  বিন্দুর কোটি  $y = 0$

$$\text{এক্ষেত্রে, } 5x - 0 + 56 = 0$$

$$\text{বা, } 5x = -56$$

$$\therefore x = \frac{-56}{5}$$

$A$  বিন্দুর স্থানাঙ্ক  $(-\frac{56}{5}, 0)$

আবার,  $RS$  রেখার সমীকরণ,

$$\frac{y+4}{-4-6} = \frac{x+3}{-3+1}$$

$$\text{বা, } \frac{y+4}{-10} = \frac{x+3}{-2}$$

$$\text{বা, } -2y - 8 = -10x - 30$$

$$\text{বা, } 10x - 2y - 8 + 30 = 0$$

$$\text{বা, } 10x - 2y + 22 = 0$$

$$\text{বা, } 2(5x - y + 11) = 0$$

$$\therefore 5x - y + 11 = 0$$

$x$ -অক্ষের উপর কোটি,  $y = 0$

RS বাহু  $x$  অক্ষকে  $B$  বিন্দুতে ছেদ করায়  $B$  বিন্দুর কোটি  $y = 0$

$$\text{এক্ষেত্রে, } 5x - 0 + 11 = 0$$

$$\text{বা, } 5x = -11$$

$$\therefore x = -\frac{11}{5}$$

$B$  বিন্দুর স্থানাঙ্ক  $(-\frac{11}{5}, 0)$


$PQRS$  চতুর্ভুজের  $PABS$  অংশ ২য় চতুর্ভাগে অবস্থিত।  $P(-10, 6), A(-\frac{56}{5}, 0), B(-\frac{11}{5}, 0)$  এবং  $S(-1, 6)$  বিন্দুগুলোকে ঘড়ির

কাঁটার বিপরীত দিকে নিয়ে  $PABS$  চতুর্ভুজের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= \frac{1}{2} \left| \begin{array}{ccc} -10 & -\frac{56}{5} & -\frac{11}{5} \\ 6 & 0 & 0 \\ -1 & -10 & -10 \end{array} \right| \text{বর্গ একক} \\ &= \frac{1}{2} \left\{ 0 + 0 - \frac{66}{5} - 6 - \left( -\frac{336}{5} - 0 - 0 - 60 \right) \right\} \\ &= \frac{1}{2} \left( -\frac{96}{5} + \frac{636}{5} \right) \text{ বর্গ একক} \\ &= \frac{1}{2} \left( \frac{-96 + 636}{5} \right) \text{ বর্গ একক} \\ &= \frac{1}{2} \times \frac{540}{5} \text{ বর্গ একক} = 54 \text{ বর্গ একক} \end{aligned}$$

$\therefore PQRS$  চতুর্ভুজের ২য় চতুর্ভাগে অবস্থিত অংশের ক্ষেত্রফল 54 বর্গ একক।

### 📖 ৬. ময়মনসিংহ বোর্ড ২০২০



ক.  $PQ$  ধারবিশিষ্ট ঘনকের কর্ণের দৈর্ঘ্য কত? ২

খ.  $APQR$  এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ.  $D, E$  এবং  $F$  যথাক্রমে  $PQ, QR$  এবং  $PR$  বাহুর মধ্যবিন্দু ধরে এ্যাপোলোনিয়াসের উপপাদ্যের সাহায্যে ত্রিভুজটির বাহু ও মধ্যমার মধ্যে সম্পর্ক নির্ণয় কর। ৪

### ⇒ ৬নং প্রশ্নের সমাধান ⇐

ক. উদ্দীপকে উল্লিখিত  $P$  ও  $Q$  বিন্দু যথাক্রমে  $P(2, 2)$  ও  $Q(-2, -2)$


এখানে,  $P$  বিন্দুর স্থানাঙ্ক  $(2, 2)$  এবং  $Q$  বিন্দুর স্থানাঙ্ক  $(-2, -2)$

$$\begin{aligned} \therefore PQ \text{ বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(2+2)^2 + (2+2)^2} \text{ একক} \\ &= \sqrt{4^2 + 4^2} \text{ একক} \\ &= \sqrt{16 + 16} \text{ একক} \\ &= \sqrt{32} \text{ একক} = 4\sqrt{2} \text{ একক} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore PQ \text{ ধারবিশিষ্ট ঘনকের কর্ণের দৈর্ঘ্য} &= \sqrt{3}PQ \text{ একক} \\ &= \sqrt{3} \times 4\sqrt{2} \text{ একক} \\ &= 4\sqrt{6} \text{ একক} \\ &= 9.798 \text{ একক (প্রায়)} \end{aligned}$$

নির্ণেয় ঘনকের কর্ণের দৈর্ঘ্য 9.798 একক (প্রায়)।

খ. এখানে,  $PQR$  ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু  $P(2, 2), Q(-2, -2)$  এবং  $R(-2\sqrt{3}, 2\sqrt{3})$




বিন্দুগুলোকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে

নিয়ে  $PQR$  ত্রিভুজের ক্ষেত্রফল

$$\begin{aligned}
 &= \frac{1}{2} \begin{vmatrix} 2 & -2\sqrt{3} & -2 \\ 2 & 2\sqrt{3} & -2 \\ -2 & -2 & -2 \end{vmatrix} \text{ বর্গ একক} \\
 &= \frac{1}{2} \{4\sqrt{3} + 4\sqrt{3} - 4 - (-4\sqrt{3} - 4\sqrt{3} - 4)\} \text{ বর্গ একক} \\
 &= \frac{1}{2} \{8\sqrt{3} - 4 - (-8\sqrt{3} - 4)\} \text{ বর্গ একক} \\
 &= \frac{1}{2} (8\sqrt{3} - 4 + 8\sqrt{3} + 4) \text{ বর্গ একক} \\
 &= \frac{1}{2} \times 16\sqrt{3} \text{ বর্গ একক} = 8\sqrt{3} \text{ বর্গ একক} \\
 &= 13.856 \text{ বর্গ একক (প্রায়)}
 \end{aligned}$$

নির্ণেয়  $\Delta PQR$  এর ক্ষেত্রফল 13.856 বর্গ একক (প্রায়)।

গ.



এখানে,  $\Delta PQR$  এর  $PQ$ ,  $QR$  এবং  $PR$  বাহুর মধ্যবিন্দু যথাক্রমে  $D$ ,  $E$  এবং  $F$ ।

$P$ ,  $E$ ,  $Q$ ,  $F$  এবং  $R$ ,  $D$  যোগ করি। তাহলে  $PQ$ ,  $QR$  এবং  $PR$  বাহুর উপর মধ্যমা যথাক্রমে  $RD$ ,  $PE$  এবং  $QF$ ।

ধরি,  $PQ$ ,  $QR$  ও  $PR$  বাহুর দৈর্ঘ্য যথাক্রমে  $a$ ,  $b$  ও  $c$  এবং  $PE$ ,  $RD$  ও  $QF$  মধ্যমার দৈর্ঘ্য যথাক্রমে  $d$ ,  $e$  ও  $f$ ।

এ্যাপোলোনিয়াসের উপপাদ্য হতে পাই,

$$PQ^2 + PR^2 = 2(PE^2 + RE^2)$$

$$\text{বা, } a^2 + c^2 = 2\left\{d^2 + \left(\frac{b}{2}\right)^2\right\} [\because RE = \frac{QR}{2} = \frac{b}{2}]$$

$$\text{বা, } a^2 + c^2 = 2d^2 + 2 \times \frac{b^2}{4}$$

$$\text{বা, } a^2 + c^2 = 2d^2 + \frac{b^2}{2}$$

$$\text{বা, } 2d^2 = a^2 + c^2 - \frac{b^2}{2}$$

$$\text{বা, } 2d^2 = \frac{2(a^2 + c^2) - b^2}{2}$$

$$\text{বা, } d^2 = \frac{2(a^2 + c^2) - b^2}{4}$$

অনুরূপভাবে পাওয়া যায়,

$$e^2 = \frac{2(b^2 + c^2) - a^2}{4}$$

$$\text{এবং } f^2 = \frac{2(a^2 + b^2) - c^2}{4}$$

অতএব, ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য জানা থাকলে মধ্যমাসমূহের দৈর্ঘ্য জানা যায়।


$$\begin{aligned}
 \therefore d^2 + e^2 + f^2 &= \frac{2(a^2 + c^2) - b^2}{4} + \frac{2(b^2 + c^2) - a^2}{4} + \frac{2(a^2 + b^2) - c^2}{4} \\
 &= 2a^2 + 2c^2 - b^2 + 2b^2 + 2c^2 - a^2 + 2a^2 + 2b^2 - c^2
 \end{aligned}$$

$$= 3a^2 + 3b^2 + 3c^2 = \frac{3}{4}(a^2 + b^2 + c^2)$$

$$\therefore 3(a^2 + b^2 + c^2) = 4(d^2 + e^2 + f^2)$$

সুতরাং, ত্রিভুজটির তিনটি বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্র সমূহের ক্ষেত্রফলের সমষ্টির তিনগুণ ত্রিভুজটির মধ্যমাত্রয়ের উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহের ক্ষেত্রফলের সমষ্টির চারগুণের সমান।

### ৭. ময়মনসিংহ বোর্ড ২০১৯



ক.  $\triangle APX$  কে  $AP$  এর চতুর্দিকে ঘোরালে যে ঘনবন্ধু উৎপন্ন হয়, তার আয়তন নির্ণয় কর। যেখানে  $AP = 5$  সে.মি. এবং  $PX = 3$  সে.মি.।

২

খ.  $A$  এবং  $X$  এর স্থানাঙ্ক যথাক্রমে  $(0, 10)$  এবং  $(-5, 0)$  হলে  $AX$  এর সমীকরণ নির্ণয় কর এবং  $AX$  রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর।

৪

গ. উক্ত ত্রিভুজটিতে  $AX = a, AP + PX = s$  উল্লেখ থাকলে ত্রিভুজটি কিভাবে আঁকবে? চিত্রসহ বিবরণ দাও।


৪

⇒ ৭নং প্রশ্নের সমাধান ←

ক.  $\triangle APX$  কে  $AP$  এর চতুর্দিকে একবার ঘোরালে একটি কোণক উৎপন্ন হয়।

এখানে, কোণকটির উচ্চতা,  $h = AP = 5$  সে.মি.

এবং ব্যাসার্ধ,  $r = PX = 3$  সে.মি.



$$\therefore \text{কোণকটির আয়তন} = \frac{1}{3}\pi r^2 h$$

$$= \frac{1}{3} \times 3.1416 \times 3^2 \times 5 \text{ ঘন সে.মি.}$$

$$= 47.124 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

নির্ণেয় কোণকটির আয়তন 47.124 ঘন সে.মি. (প্রায়)।

খ. এখানে,  $A$  ও  $X$  এর স্থানাঙ্ক যথাক্রমে  $A(0, 10), X(-5, 0)$

এবং  $O(0, 0)$

$$AX \text{ রেখার সমীকরণ, } \frac{y-10}{10-0} = \frac{x-0}{0+5}$$


$$\text{বা, } \frac{y-10}{10} = \frac{x}{5}$$

$$\text{বা, } 5y - 50 = 10x$$

$$\text{বা, } 10x - 5y + 50 = 0$$

$$\text{বা, } 5(2x - y + 10) = 0$$

$$\therefore 2x - y + 10 = 0$$



AX রেখাটি অক্ষদ্বয়ের সাথে OAX ত্রিভুজ গঠন করে।

O(0,0), A(0,10) এবং X(-5,0) বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে OAX ত্রিভুজের ক্ষেত্রফল


$$= \frac{1}{2} \begin{vmatrix} 0 & 0 & -5 & 0 \\ 0 & 10 & 0 & 0 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (0 + 0 - 0 - 0 + 50 - 0) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times 50 = 25 \text{ বর্গ একক}$$

নির্ণেয় AX রেখার সমীকরণ  $2x - y + 10 = 0$  এবং OAX ত্রিভুজের ক্ষেত্রফল 25 বর্গ একক।

গ. মনে করি, APX সমকোণী ত্রিভুজের অতিভুজ  $AX = a$  এবং অপর দুই বাহু AP ও PX (যেখানে  $AP > PX$ ) এর সমষ্টি  $AP + PX = s$  দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কনের বিবরণ :

ধাপ ১. যেকোনো রশ্মি DE থেকে S এর সমান করে DX অংশ কেটে নিই।

ধাপ ২. D বিন্দুতে  $\angle XDF = 45^\circ$  কোণ অঙ্কন করি।

ধাপ ৩. X কে কেন্দ্র করে a এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ অঙ্কন করি। মনে করি, বৃত্তচাপটি DF রেখাকে A ও A' বিন্দুতে ছেদ করে।

ধাপ ৪. X, A যোগ করি।

ধাপ ৫. এখন DX রেখার উপর A বিন্দু হতে  $AP \perp DX$  আঁকি। তাহলে  $\triangle APX$ -ই উদ্দিষ্ট ত্রিভুজ।

### 📖 চ. ঢাকা বোর্ড ২০১৯

A(6,12), B(2,-3), C(6,-3) ও D(10,12) একটি চতুর্ভুজের চারটি শীর্ষ বিন্দু।

ক. P(-3,4) এবং Q(-4,2) বিন্দুগামী সরলরেখার ঢাল নির্ণয় কর।

২

খ. A, B, C ও D বিন্দু চারটি দ্বারা গঠিত চতুর্ভুজ আয়ত না সামান্তরিক তা নির্ণয় কর।

৪

গ. ABCD চতুর্ভুজটির যে অংশ ১ম চতুর্থাংশে অবস্থান করে তার ক্ষেত্রফল নির্ণয় কর।

৪

### ⇒ চ নং প্রশ্নের সমাধান ⇐


ক. প্রদত্ত বিন্দুদ্বয় P(-3,4) এবং Q(-4,2)

$$PQ \text{ রেখার ঢাল} = \frac{2-4}{-4-(-3)} = \frac{-2}{-4+3} = \frac{-2}{-1} = 2$$

নির্ণেয় সরলরেখার ঢাল 2.

খ. এখানে, প্রদত্ত বিন্দুগুলো যথাক্রমে A(6,12), B(2,-3), C(6,-3) এবং D(10,12) হলো একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু।

XY সমতলে বিন্দুগুলো স্থাপন করে পাই,



$$\begin{aligned}
 AB \text{ বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(6-2)^2 + (12+3)^2} \text{ একক} \\
 &= \sqrt{4^2 + (15)^2} \text{ একক} \\
 &= \sqrt{16 + 225} \text{ একক} = \sqrt{241} \text{ একক}
 \end{aligned}$$

$$\begin{aligned}
 CD \text{ বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(6-10)^2 + (-3-12)^2} \text{ একক} \\
 &= \sqrt{(-4)^2 + (-15)^2} \text{ একক} \\
 &= \sqrt{16 + 225} \text{ একক} = \sqrt{241} \text{ একক}
 \end{aligned}$$

$$\begin{aligned}
 AD \text{ বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(6-10)^2 + (12-12)^2} \text{ একক} \\
 &= \sqrt{(-4)^2 + 0^2} \text{ একক} \\
 &= \sqrt{16} \text{ একক} = 4 \text{ একক}
 \end{aligned}$$

$$\begin{aligned}
 BC \text{ বাহুর দৈর্ঘ্য} &= \sqrt{(2-6)^2 + (-3+3)^2} \text{ একক} \\
 &= \sqrt{(-4)^2 + 0^2} \text{ একক} \\
 &= \sqrt{16} \text{ একক} = 4 \text{ একক}
 \end{aligned}$$

যেহেতু  $AB$  বাহুর দৈর্ঘ্য =  $CD$  বাহুর দৈর্ঘ্য

এবং  $AD$  বাহুর দৈর্ঘ্য =  $BC$  বাহুর দৈর্ঘ্য

সুতরাং বলা যায়  $ABCD$  চতুর্ভুজটি একটি সামান্তরিক অথবা আয়ত।

$$\begin{aligned}
 BD \text{ কর্ণের দৈর্ঘ্য} &= \sqrt{(2-10)^2 + (-3-12)^2} \text{ একক} \\
 &= \sqrt{(-8)^2 + (-15)^2} \text{ একক} \\
 &= \sqrt{64 + 225} \text{ একক} \\
 &= \sqrt{289} \text{ একক} = 17 \text{ একক}
 \end{aligned}$$

$$\text{এখন, } BD^2 = (17)^2 = 289$$

$$AB^2 = (\sqrt{241})^2 = 241 \text{ এবং } AD^2 = 4^2 = 16$$

$$\therefore AB^2 + AD^2 = 241 + 16 = 257 \neq BD$$

$$BD^2 \neq AB^2 + AD^2$$

অতএব, পীথাগোরাসের উপপাদ্য অনুযায়ী  $ABD$  সমকোণী ত্রিভুজ নয়।

সুতরাং  $ABCD$  একটি সামান্তরিক।

গ. 'খ' নং চিত্র ব্যবহার করে,

$$AB \text{ রেখার সমীকরণ, } \frac{y-12}{x-6} = \frac{12+3}{6-2}$$

$$\text{বা, } \frac{y-12}{x-6} = \frac{15}{4}$$

$$\text{বা, } 15x - 90 = 4y - 48$$

$$\text{বা, } 15x - 4y = 90 - 48$$

$$\text{বা, } 15x - 4y = 42$$

AB রেখাটি  $x$ -অক্ষকে ছেদ করে বলে,  $y = 0$

$$\text{এক্ষেত্রে, } 15x - 4 \cdot 0 = 42$$

$$\text{বা, } 15x = 42$$

$$\text{বা, } x = \frac{42}{15} = \frac{14}{5}$$

$\therefore$  AB রেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক  $(\frac{14}{5}, 0)$

$$\text{আবার, } CD \text{ রেখার সমীকরণ, } \frac{y+3}{x-6} = \frac{-3-12}{6-10}$$

$$\text{বা, } \frac{y+3}{x-6} = \frac{-15}{-4}$$

$$\text{বা, } \frac{y+3}{x-6} = \frac{15}{4}$$

$$\text{বা, } 15x - 90 = 4y + 12$$

$$\text{বা, } 15x - 4y = 90 + 12$$

$$\text{বা, } 15x - 4y = 102$$

CD রেখাটি  $x$  অক্ষকে ছেদ করে বলে,  $y = 0$

$$\text{এক্ষেত্রে, } 15x - 4 \cdot 0 = 102$$

$$\text{বা, } 15x = 102$$

$$\text{বা, } x = \frac{102}{15} = \frac{34}{5}$$

$\therefore$  CD রেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক  $(\frac{34}{5}, 0)$

এখন, ১ম চতুর্ভুজে  $(6, 12)$ ,  $(\frac{14}{5}, 0)$ ,  $(\frac{34}{5}, 0)$  ও  $(10, 12)$  বিন্দুগুলো দ্বারা গঠিত চতুর্ভুজের ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \left| \begin{array}{ccc} 6 & \frac{14}{5} & \frac{34}{5} \\ 12 & 0 & 0 \\ 10 & 12 & 12 \end{array} \right| \text{ বর্গ একক}$$

